

## প্রেস বিজ্ঞপ্তি

নং- ৮০.২০০.০৬৪.০০.০০৬.২০১৫-৭৩

তারিখ : ১৬.০৪.২০১৭ খ্রি.

বিষয় : মামলা এবং তথ্য বিভাগ/প্রশাসনিক কারণে স্থগিত/অপ্রকাশিত ৩৫তম বিসিএস-এর বিসিএস (বন) ক্যাডারে এবং বিসিএস (সাধারণ শিক্ষা) শিক্ষক প্রশিক্ষণ কলেজের প্রভাষক পদের ফলাফল ঘোষণা প্রসঙ্গে।

সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, আদালতে চলমান মামলায় বিসিএস (বন) ক্যাডারে নিয়োগের ক্ষেত্রে কোনো সংশ্লিষ্টতা না থাকায় এবং কোনো স্থিতাবস্থা বা নিষেধাজ্ঞা প্রদান করা হয়নি মর্মে আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়ের মতামতের ভিত্তিতে বিসিএস (বন) ক্যাডারের স্থগিতকৃত ০২টি এবং তথ্য বিভাগ/প্রশাসনিক কারণে অপ্রকাশিত বিসিএস (সাধারণ শিক্ষা) শিক্ষক প্রশিক্ষণ কলেজের প্রভাষক (শিক্ষা) এর ০৬টি এবং প্রভাষক (ভূগোল) এর ০১টি পদের ফলাফল কমিশন কর্তৃক সাময়িকভাবে (provisionally) সুপারিশ করা হয়েছে। সাময়িকভাবে সুপারিশকৃত ০৯ (নয়) জন প্রার্থীর ক্যাডার/পদভিত্তিক রেজিস্ট্রেশন নম্বর নিম্নে দেয়া হলো :

### প্রফেশনাল/টেকনিক্যাল ক্যাডার :

১. বিসিএস (বন), সহকারী বন সংরক্ষক : 055852 016117 = ০২ জন

২. বিসিএস (সাধারণ শিক্ষা), শিক্ষক প্রশিক্ষণ কলেজ

(ক) প্রভাষক (শিক্ষা) : 008294 081022 301404 057348 116413 068156 = ০৬ জন

(খ) প্রভাষক (ভূগোল) : 120079 = ০১জন

২. পরবর্তীকালে সাময়িকভাবে সুপারিশকৃত যে কোনো প্রার্থীর যেকোনো সময় কোনো যোগ্যতার ঘাটতি ধরা পড়লে, দুর্নীতি, জালিয়াতির আশ্রয় গ্রহণ করলে, অসত্য তথ্য প্রদান বা অন্য কোনো ক্ষেত্রে যেমন চাহিদাকৃত কাগজপত্রাদির ঘাটতি থাকলে বা কোনো গুরুতর (substantive) ভুল-ত্রুটি পরিলক্ষিত হলে তার সুপারিশ বাতিল বলে গণ্য হবে। তাছাড়া ক্ষেত্র বিশেষে সংশ্লিষ্ট প্রার্থীকে ফৌজদারি আইনে সোপর্দ করা যাবে এবং চাকরিতে নিয়োগের পর এরূপ কোনো তথ্য প্রকাশ বা প্রমাণিত হলে তাকে চাকরি হতে বরখাস্ত করণ ছাড়াও তার বিরুদ্ধে যে কোনো উপযুক্ত ব্যবস্থা গ্রহণ করা যাবে।

৩. প্রার্থী কর্তৃক আবেদনপত্রের সাথে প্রদত্ত তথ্য, ডকুমেন্টস, সনদ ইত্যাদি বিজ্ঞাপনের ৮নং অনুচ্ছেদ এবং আবেদনপত্রে প্রার্থী কর্তৃক প্রদত্ত অঙ্গীকারনামার ভিত্তিতে কমিশন প্রার্থীদের এই শর্তে সাময়িকভাবে সুপারিশ করেছে যে, নিয়োগের পূর্বে নিয়োগকারী কর্তৃপক্ষ যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে সনদ, ডকুমেন্টস ও কাগজপত্রের সত্যতা যাচাইপূর্বক নিশ্চিত হয়ে চূড়ান্ত নিয়োগ প্রদান করবেন।


৪. মেডিকেল বোর্ড কর্তৃক স্বাস্থ্য পরীক্ষায় যোগ্য ঘোষণা ও যথাযথ এজেসি কর্তৃক প্রাক্ নিয়োগ জীবন-বৃত্তান্ত যাচাই এর পর সরকার কর্তৃক প্রার্থীগণকে নিয়োগ দেয়া হবে।

৫. প্রেস বিজ্ঞপ্তিটি কমিশনের www.bpsc.gov.bd ওয়েবসাইট-এ পাওয়া যাবে।

[পড়াশুনা ও জ্ঞানার্জনের মাধ্যমে ভালোভাবে প্রস্তুতি নিয়ে পরীক্ষায় অংশগ্রহণ করুন;  
চাকরির ক্ষেত্রে কোনোরূপ তদবির প্রার্থীর অযোগ্যতা হিসেবে বিবেচিত হবে।]

৩০/৪/১৭

১৮

  
(আ.ই.ম নেছার উদ্দিন)  
পরীক্ষা নিয়ন্ত্রক (ক্যাডার)